




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন
৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ স্মরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd



বিষয়ঃ ভূমি সংস্কার বোর্ডের গঠিত “ইনোভেশন টিম” এর ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : যাহিদা খানম

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

তারিখ : ২৬-০৮-২০২১ খ্রিঃ।

সময় : বেলা ০৩.০০ ঘটিকা।

স্থান : চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) এর অফিসকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর তিনি সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ ও ইনোভেশন টিমের সদস্যসচিবকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী সভায় এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপনের অনুরোধ জানান।

ইনোভেশন টিমের সদস্যসচিব ও সঞ্চালক সভার সভাপতির অনুমতিক্রমে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ছক অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়গুলো আলোচনা করেনঃ

সভার আলোচ্যসূচিঃ

- ১। অনলাইনে ভূমি কর আদায় উদ্ভাবনের পূর্বে ভূমির মালিককে ভূমি উন্নয়ন কর প্রদানের লক্ষ্যে বহুবার ভূমি অফিসে গমন করতে হতো। তাছাড়া কর প্রদানের জন্য ভূমি মালিককে দেশের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ভ্রমণ করতে হতো। যা অত্যন্ত সময়সাপেক্ষ এবং ভ্রমণ উপলক্ষ্যে অর্থের অপচয় হতো। তদুপরি, কত টাকা কর এসেছে তাও সঠিকভাবে জানা যেত না।
- ২। বিশ্বায়নের এই যুগে বাংলাদেশ সরকার ভূমি উন্নয়ন কর কত প্রাপ্য হয়েছে তা জানার জন্য এবং কর পরিশোধের জন্য বারবার ভূমি অফিসে গমন, ব্যাংকের দারস্থ হওয়া ইত্যাদি হয়রানি থেকে মানুষকে মুক্তি দেওয়ার জন্য সফটওয়্যার ব্যবহার করে ভূমি উন্নয়ন কর আদায়ের চিন্তা ভাবনা করে। সুতরাং, এ উদ্ভাবনের ফলে একজন ভূমি মালিক পৃথিবীর যেকোন প্রান্ত হতে অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদান করতে সক্ষম হবেন।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তগুলো গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত :

- ১। সকল জেলায় সহকারী কমিশনার (ভূমি)গণকে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের উপর প্রশিক্ষণ দিতে হবে।
- ২। উদ্ভাবন সংক্রান্ত বিষয়ে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কর্মশালা/প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৩। উদ্ভাবনী উদ্যোগে ভূমি উন্নয়ন কর আদায়ে ইতোমধ্যে সরকারী আদেশ জারি হয়েছে যা মাঠ পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।

পরিশেষে ইনোভেশন অফিসার ও সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-

(যাহিদা খানম)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ভূমি সংস্কার বোর্ড

৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ স্মরণি

তেজগাঁও, ঢাকা-১২০৮

চলমান পাতা-২

বিতরণ :- (ভূমি সংস্কার বোর্ডের গঠিত ইনোভেশন কমিটির সদস্যগণ)

- ০১। উপ-ভূমি সংস্কার কমিশনার-২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৩। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৫। সহকারী প্রোগামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপ-ভূমি সংস্কার কমিশনার-১/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৩। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর /ময়মনসিংহ বিভাগ।
- ০৪। চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৫। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৭। সদস্য (প্রশাসন)/(ভূমি ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী {সদস্য (প্রশাসন)/(ভূমি ব্যবস্থাপনা) মহোদয়গণের সদয় অবগতির জন্য}, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৮। অফিস কপি।


(মোসাঃ রাবেয়া বসরী)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩

(উপসচিব)

ভূমি সংস্কার বোর্ড

ফোন: ৮১৭০১৫৮

ই-মেইল : alrc3@lrb.gov.bd